গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
পরিকল্পনা-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

নম্বর: ৩৭.০০.০০০০.১২২.১৪.০৩৭.১৮.৩২ তারিখ: ২১ ফাল্গুন ১৪৩০
০৫ মার্চ ২০২৪

প্রাপক:
চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার

বিষয়: **"কিশোরগঞ্জ জেলার হাওর এলাকার নির্বাচিত শিক্ষা প্রতিষ্ঠানসমূহের উন্নয়ন" শীর্ষক বিনিয়োগ প্রকল্পের ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে বাস্তবায়ন মেয়াদ ডিসেম্বর ২০২৫ পর্যন্ত ০২ (দুই) বছর বৃদ্ধি সংক্রান্ত।**

সূত্র: আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ-এর স্মারক নং-২০.০২.০০০০.০১৬.১৪.০০৬.১৯/৮৩৬, তারিখ: ১৫ ফেব্রুয়ারি, ২০২৪

আমি নিম্নস্বাক্ষরকারী নির্দেশক্রমে ০১ জানুয়ারি ২০২০ থেকে ৩১ ডিসেম্বর ২০২৩ পর্যন্ত মেয়াদে ৪৩০১২.৭৮ লক্ষ (চারশত ত্রিশ কোটি বারো লক্ষ আটাত্তর হাজার) টাকা (সম্পূর্ণই জিওবি) প্রাক্কলিত ব্যয়ে বাস্তবায়নাধীন "কিশোরগঞ্জ জেলার হাওর এলাকার নির্বাচিত শিক্ষা প্রতিষ্ঠানসমূহের উন্নয়ন" শীর্ষক প্রকল্পের ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ জানুয়ারি ২০২০ হতে ডিসেম্বর ২০২৩ এর পরিবর্তে ডিসেম্বর ২০২৫ পর্যন্ত অর্থাৎ ০২ (দুই) বছর (১ম বার) বৃদ্ধির প্রশাসনিক অনুমোদন নিম্নোক্ত শর্তে জ্ঞাপন করছি:

**সুপারিশসমূহ:**

(ক) ডিসেম্বর ২০২৫ এর মধ্যে প্রকল্প সমাপ্তির লক্ষ্যে মন্ত্রণালয় কর্তৃক প্রকল্পের অনুকূলে পর্যাপ্ত অর্থ বরাদ্দ নিশ্চিত করতে হবে;
(খ) প্রকল্পের চলমান ভৌত কাজ তরান্বিতকরণের লক্ষ্যে নিয়োজিত ঠিকাদারদের মবিলাইজেশন বৃদ্ধির জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;
(গ) তমিজা খাতুন সরকারি উচ্চ বিদ্যালয়ের সীমানা নির্ধারণপূর্বক সাইট দ্রুত চূড়ান্ত করে ঠিকাদারকে বুঝিয়ে দিতে হবে;
(ঘ) নির্মাণ কাজের গুণগতমান নিশ্চিত করতে হবে এবং এ লক্ষ্যে মন্ত্রণালয়/সংস্থার তদারকি জোরদার করতে হবে;
(ঙ) প্রকল্প সম্পর্কিত তথ্যাদি আইএমইডি'র পিএমআইএস (PMIS)-এ হালনাগাদ এন্ট্রি করে এ সম্পর্কিত তথ্য আইএমইডি'তে প্রেরণ করতে হবে;
(চ) প্রকল্পটি সমাপ্ত ঘোষণার পর যথাসময়ে (প্রকল্প সমাপ্তির ৩ মাসের মধ্যে) প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (পিসিআর) যথাযথ কর্তৃপক্ষের নিকট দাখিল করতে হবে এবং
(ছ) অর্থ বিভাগের উন্নয়ন বাজেটের ব্যয় স্থগিত/হ্রাসকরণ/সীমিতকরণ সংক্রান্ত সর্বশেষ প্রযোজ্য পরিপত্রের নির্দেশনা অনুসরণ করে প্রকল্পের অনুকূলে বরাদ্দকৃত অর্থ ব্যয় করতে হবে।

আপনার বিশ্বস্ত,

৫-৩-২০২৪

এস. এম. ইমরুল হাসান
উপসচিব
ফোন: ৫৫১০০২৭২
ইমেইল:
planning.sec2@shed.gov.bd

নম্বর: ৩৭.০০.০০০০.১২২.১৪.০৩৭.১৮.৩২/১(১০)

তারিখ: ২১ ফাল্গুন ১৪৩০ / ০৫ মার্চ ২০২৪

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১) সচিব, অর্থ বিভাগ
২) সদস্য, কার্যক্রম বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন
৩) সদস্য, আর্থ সামাজিক অবকাঠামো বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন
৪) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
৫) অতিরিক্ত সচিব , উন্নয়ন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
৬) প্রধান প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর
৭) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
৮) সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
৯) প্রকল্প পরিচালক,
১০) ব্যক্তিগত কর্মকর্তা, পরিকল্পনা অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

৫-৩-২০২৪

এস. এম. ইমরুল হাসান
উপসচিব